দৈনিক ইত্তেফাক

তারিখ ... SEP. 1 8 1999
পৃষ্ঠা ৪ কলাম ৩ .....

42

# টোফেল পরীক্ষায় অব্যবস্থাপনা

গত ৭/৮/৯৯ তারিখে আমি টোফেল পরীক্ষায় অংশগ্রহণ করি। ETS (Educational Testing Service, Princeton. USA) হইতে পাঠানো অ্যাডমিশন টিকেটে ১০৮ কেন্দ্রটি DIAM, ইস্কাটনে উল্লেখ করা হইলেও যথাসময়ে সেখানে উপস্থিত হইয়া জানিতে পারি, কেন্দ্রটি হোটেল পূর্বাণীতে স্থানান্তর করা হইয়াছে। অথচ এ ব্যাপারে পূর্বে কিছু জানানো হয় নাই। শনিবার ছুটির দিন থাকায় অল্প সময়ে ঐ কেন্দ্রে পৌছানো সম্ভব হয়। এই পরীক্ষার মাধ্যমে পরীক্ষার্থী তাহার যোগ্যতার মূল্যায়নের সুযোগ পাইয়া থাকে এবং ফলাফলকে যোগ্যতার প্রমাণ হিসাবে ব্যবহার করিতে সমর্থ হয়। পরীক্ষার Listening Comprehension অংশ ব্যবহৃত সাউন্ড সিস্টেম ছিল অপর্যাপ্ত এবং ত্রুটিপূর্ণ। বিশাল পরীক্ষা কেন্দ্রে একটি বড় সাউন্ড বক্স এবং একটি ছোট প্লেয়ার ব্যবহার করা হইয়াছে যাহার শব্দ ছিল অস্পষ্ট এবং হলের অধিকাংশ পরীক্ষার্থী তাহা বুঝিতে পারে নাই। এই ব্যাপারে পরীক্ষা গ্রহণকারী কর্মকর্তাদের বার বার জানাইলেও অবস্থার কোন পরিবর্তন ঘটে নাই। এই অংশে পরীক্ষার্থিগণ উত্তর প্রদানে যথেষ্ট বিড়ম্বনার শিকার হয়। অন্য দুইটি অংশ Structure and Written Expression এবং Reading Comprehension-এ করিলেও Listening Comprehension অংশের জন্য পরীক্ষার্থীর পক্ষে কাংক্ষিত স্কোর অর্জন করার সম্ভাবনা হ্রাস পাইবে। উপযুক্ত ফি প্রদান এবং যথাযথ নিয়মাবলী অনুসরণ করিয়াও পরীক্ষাদানে এই পরীক্ষার্থিগণ তাহাদের প্রাপ্য সমান সুবিধা লাভ করিতে পারে নাই। বাংলাদেশে টোফেলের দুইটি কেন্দ্রে সাউন্ড সিস্টেমের অব্যবস্থাপনা সম্পর্কে পূর্বে স্থানীয়ভাবে এবং ই-মেইল-এর মাধ্যমে ETS-কে জানাইলেও এই অবস্থার পরিবর্তন হয় নাই। এই অব্যবস্থাপনার জন্য প্রত্যাশিত স্কোর অর্জন করা সম্ভব না হইলে একদিকে যেমন পরীক্ষার্থীর অর্থের ও সময়ের অপচয় হইবে, অন্যদিকে কাংক্ষিত বিশ্ববিদ্যালয়ে ভর্তির যোগ্যতা পূরণে ব্যর্থতার জন্য যথাসময়ে শিক্ষাবর্ষ শুরু করা সম্ভব হইবে না। পরীক্ষার্থীর এই আর্থিক এবং মানসিক পীড়নের নৈতিক দায় কি সংশ্লিষ্ট কর্তৃপক্ষ গ্রহণ করিবেন?

—জনৈক পরীক্ষার্থী।